

ঢাকা ওয়াসা

- ১) ২০২৪-২৫ অর্থ-বছরের প্রাক্কলিত বাজেটের কপি।
- ২) জেলা প্রশাসক, ঢাকা এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি হতে প্রাপ্ত পত্র।
- ৩) প্রাক্কলন।

বিষয় জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এর শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান এবং জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা ২০২৫ উপলক্ষ্যে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র ও মানিক মিয়া এভিনিউ এ আয়োজিত অনুষ্ঠানে বিশুদ্ধ পানি সরবরাহ জন্য পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজ অনুমোদন প্রসংগে।

১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এর শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের সংবর্ধনা এবং জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা ২০২৫ উপলক্ষ্যে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র ও মানিক মিয়া এভিনিউ এ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠান স্থলে সুপেয় পানি সরবরাহের জন্য জেলা প্রশাসক, ঢাকা এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি হতে পত্র প্রদান করা হয়েছে (ক্রমিক নং- ২৮:। সেপ্রেক্ষিতে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র ও মানিক মিয়া এভিনিউ এ পিভিসি ট্যাংক স্থাপন করে বিশুদ্ধ পানি সরবরাহের উদ্যোগ নেওয়া হয়েছে। এজন্য পিভিসি পানির ট্যাংক লাগানোর জন্য ভিনাইল স্টিকার তৈরী, ডিসপজেবল পানির মগ ও আনুষঙ্গিক মালামাল ক্রয় করা প্রয়োজন। এছাড়াও পানির ট্যাংক ধোত করণ, স্ট্যান্ড সহযোগে পানির ট্যাংক স্থাপন এবং রমজান মাস শেষে স্ট্যান্ডসহ পানির ট্যাংক ফেরত নিয়ে আসার শমিক নিয়োজিত করা প্রয়োজন।

২) উপরিউক্ত বর্ণনার আলোকে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র ও মানিক মিয়া এভিনিউ এ পিভিসি ট্যাংক স্থাপনের মাধ্যমে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমান দাঁড়িয়েছে মোট ৳২১,৩২৫/- (একুশ হাজার তিনশত পঁচিশ) টাকা মাত্র (ক্রমিক নং:৩ দ্র:)। পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পাদন করা যেতে পারে। আলোচ্য খরচ ২০২৫-২৬ অর্থবছরের প্রাক্কলিত বাজেটের “পানির লাইন রক্ষণাবেক্ষণ” (কোড নং- ০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। কাজ শেষে ব্যয়কৃত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। বর্ণিত ব্যয় অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলীর” মহোদয়ের আওতাধীন।

৩) এমতাবস্থায়, জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এর শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান এবং জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা ২০২৫ উপলক্ষ্যে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র ও মানিক মিয়া এভিনিউ এ বিশুদ্ধ পানি সরবরাহ জন্য পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

- ক) সর্বমোট উপস্থাপিত ৳২১,৩২৫/- (একুশ হাজার তিনশত পঁচিশ) টাকা খরচের অনুমোদন,
- খ) পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পাদনের অনুমোদন এবং
- গ) আলোচ্য খরচ মডুস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের প্রাক্কলিত বাজেটের “পানির লাইন রক্ষণাবেক্ষণ” (কোড নং- ০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডুস জোন-৩
ঢাকা ওয়াসা

মোঃ নজরুল ইসলাম খান
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডুস জোন-৩, ঢাকা ওয়াসা।

জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডুস জোন-৩ ঢাকা ওয়াসা

SE, MODS circle 1

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।